




জাতির কাছে দেওয়া অঙ্গীকার পূরণে সফল নির্বাচন কমিশন: সিইসি



সিইসি নুরুল হুদা। ছবি: সংগৃহীত

জাতির প্রতি দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে পেরেছি বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। ত্রয়োদশ জাতীয় নির্বাচন ঘিরে কোনো কারচুপির অভিযোগ নির্বাচন কমিশনের কাছে আসেনি বলেও উল্লেখ করেন তিনি।

সোমবার (১৬ মার্চ) দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আয়োজিত নারী দিবসের আলোচনা সভায় এসব কথা বলেন সিইসি।

তিনি বলেন, পরিবার সামলানো থেকে কর্মক্ষেত্র সব জায়গায় নারীরা পুরুষদের সঙ্গে সমানতালে কাজ করছেন। নির্বাচনী দায়িত্ব পালনের সময় নারী কর্মকর্তাদের অবদান ছিল বিশেষভাবে প্রশংসনীয়। তাদের স্বীকৃতি দিতে কমিশন পুরস্কারের বিষয়টি বিবেচনা করছে।

অনুষ্ঠানে নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার রাজনৈতিক দলগুলোকে আচরণবিধি মেনে চলার আহ্বান জানান। তিনি বলেন, এবারের নির্বাচনে বেশ কিছু ইতিবাচক দিক দেখা গেছে। পোস্টারবিহীন নির্বাচন একসময় অকল্পনীয় ছিল, কিন্তু দলগুলোর সহযোগিতায় তা সম্ভব হয়েছে। রাজনৈতিক সংস্কৃতি এখন ইতিবাচক ধারায় এগোচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

এ ছাড়া দেশের বহু এলাকায় আগে ভোটদানে অনীহা থাকা নারী ভোটাররাও এবার সক্রিয়ভাবে ভোট দিয়েছেন বলে জানান নির্বাচন কমিশনার।